

# মরক্কোয় অক্সফোর্ড বুকস্টোর



এ দেশের নব্বই বছরের পুরনো বই বিপণি অক্সফোর্ড বুকস্টোর। এবার এই বই বিপণি যাত্রা শুরু করল বিদেশে। মরক্কোয় অ্যাটলাস পর্বতমালার পাদদেশে তাজ প্যালেস হোটেলে অক্সফোর্ড বুকস্টোর খুলল তাদের নতুন শাখা। গত ২ বছরে আশাব্যঞ্জকভাবেই বেড়েছে এই বিপণির বাণিজ্য। মুন্সই, ম্যাদ্দালোর, হায়দরাবাদ, ভুবনেশ্বর মিলিয়ে খুলেছে

ছাব্বিশটি নতুন আউটলেট। এখন অনলাইনেও কেনা যাচ্ছে প্রয়োজনীয় বই। অক্সফোর্ড বুকস্টোরের ডিরেক্টর প্রীতি পাল জানিয়েছেন, 'এত দিন এ দেশের মানুষের জ্ঞানভাণ্ডার বৃদ্ধির কাজ প্রশংসনীয়ভাবে করে গিয়েছে অক্সফোর্ড বুকস্টোর। এখন আমাদের ঠিকানা মরক্কোতেও। আমাদের লক্ষ্য, এই শহরেও বইপ্রেমী মানুষের সংখ্যা বাড়িয়ে তোলা।'